বাগেরহাটে শেখ রাসেলের ৫৬তম জন্ম বার্ষিকী পালিত

বাগেরহাটে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শহীদ শেখ রাসেলের ৫৬তম জন্ম বার্ষিকী পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে রোববার বিকালে বাগেরহাট শিশু একাডেমীর উদ্যোগে ভার্চুয়াল আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, বাগেরহাট জেলা প্রশাসক মোঃ মামুনুর রশীদ।

এসময় অন্যান্যের মধ্যে বক্তব্য দেন, বাগেরহাট স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক দেব প্রসাদ পাল, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মুহাম্মদ মুছাব্বেরুল ইসলাম, জেলা শিশু কর্মকর্তা শেখ আসাদুর রহমান, সদর উপজেলা ভাইচ চেয়ারম্যান খান রেজাউল ইসলাম, মহিলা ভাইচ চেয়ারম্যান রিজিয়া পারভিন, সাবেক ভাইচ চেয়ারম্যান এ্যাড. শরিফা হেমায়েত, অ্যাড. পারভিন আহম্মেদ, ষাটগুম্বুজ ইউপি চেয়ারম্যান শেখ আক্তারুজ্জামান বাচ্চু, বাগেরহাট প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক আলহাজ্ব তালুকদার আঃ বাকী, সাবেক সভাপতি বাবুল সরদার, আহাদ উদ্দীন হায়দার প্রমুখ।

ভার্চুয়াল আলোচনা অনুষ্ঠানে বাগেরহাটের বিভিন্ন সরকারী বেসরকারী প্রতিষ্ঠানের কর্মকর্তা, শিক্ষার্থীরা অংশ গ্রহন করেন।